# অভাগীর মুক্তি

অমিতাভ পাঁজা

লাল সিঁদুরের ঘনঘটায়
মাঙ্গলিকের ছায়া,
লাল রক্তের প্রতিবিম্বে
উচ্ছ্বসিত কায়া...
ভাগ্যহীনা চোখের জলের
মূল্য কে বা বোঝে-
বুক বাঁধে তবু ক্লান্ত শরীর
চির মুক্তির খোঁজে;
স্বপ্ন গিয়েছে বিদায়বেলায়
বোঝা চেপেছে অনর্গল
মৃত্যু মানে প্রকট হয়
বাঁচার ভাষায় দোলাচল ॥
শেষরাত্রিও শেষ হয়
বিদ্যুতের ওই চমকিপনায়-
উল্লাসিনীর কণ্ঠ ধরে
মৃত সন্তান ভরসা যোগায়.....
অত্যাচার সীমা ছাড়ায়
কান্না জুড়ে ফিকে রঙ-
কলুষিত সমাজের কলুষ মন
অপয়া ডাইনি সাজায় সঙ॥
শেষ হওয়াতে তাই মন কাঁদে না
একাকীত্ব ঢের কালো-
চিলতে হাসির শেষোক্তি
বাঁচার থেকে যে মরাই ভালো....
মন চলে যায় বাঁধন ছিঁড়ে
ঝুলছে ওই যে মুক্তি ফাঁস-
দেহ শুধু পিছু নেয় তারই
নিস্প্রান কায়া নেয় শীতল শ্বাস ॥